



বঙ্গবন্ধু শেখ মুজিবুর রহমান বিজ্ঞান ও প্রযুক্তি বিশ্ববিদ্যালয়

গোপালগঞ্জ



তারিখঃ ০৭.০৩.২০২২

প্রেস বিজ্ঞপ্তি

বঙ্গবন্ধু শেখ মুজিবুর রহমান বিজ্ঞান ও প্রযুক্তি বিশ্ববিদ্যালয়ে যথাযোগ্য মর্যাদায় ঐতিহাসিক ৭ই মার্চ পালন

গোপালগঞ্জে বঙ্গবন্ধু শেখ মুজিবুর রহমান বিজ্ঞান ও প্রযুক্তি বিশ্ববিদ্যালয়ে যথাযোগ্য মর্যাদায় ঐতিহাসিক ৭ই মার্চ ২০২২ পালিত হয়েছে। এ উপলক্ষে জাতীয় পতাকা উত্তোলন, বঙ্গবন্ধুর ঐতিহাসিক ৭ই মার্চের ভাষণ প্রচার ও আলোচনা সভা, টুঙ্গিপাড়ায় জাতির পিতার সমাধি সৌধে শ্রদ্ধা নিবেদন ও দোয়ার আয়োজন করা হয়।

৭ই মার্চ ২০২২ দুপুর ১২.৩০টায় বিশ্ববিদ্যালয়ের একাডেমিক ভবনে ৫০১নং কক্ষে আলোচনা সভা অনুষ্ঠিত হয়। আলোচনা সভায় সভাপতিত্ব করেন ভাইস-চ্যান্সেলর প্রফেসর ড. এ. কিউ. এম. মাহবুব এবং মূখ্য আলোচক হিসেবে ভারুয়ালি যুক্ত থেকে বক্তব্য রাখেন ঢাকা বিশ্ববিদ্যালয়ের ইতিহাস বিভাগের অধ্যাপক ড. আশফাক হোসেন। অনুষ্ঠানে স্বাগত বক্তব্য রাখেন বিজ্ঞান অনুষদের ডিন প্রফেসর ড. মোঃ শাহজাহান ও সম্বলনা করেন বাংলা বিভাগের সহকারী অধ্যাপক শামীমা আক্তার।

মূখ্য আলোচক ঢাকা বিশ্ববিদ্যালয়ের ইতিহাস বিভাগের অধ্যাপক ড. আশফাক হোসেন বলেন, বঙ্গবন্ধুর ৭ই মার্চের ভাষণের মাধ্যমে বাংলার সকল শ্রেণির মানুষকে ঐক্যবদ্ধ করেছিলেন। এ ভাষণে বাঙালির হাজার বছরের সংগ্রাম, আবেগ ও ভালবাসার বহিঃপ্রকাশ ঘটেছিল। তিনি আরও বলেন, ৭ই মার্চের ভাষণে বঙ্গবন্ধু কৌশলে স্বাধীনতার ঘোষণা দিয়েছিলেন এবং ২৬ মার্চ সরাসরি স্বাধীনতার ঘোষণা দিয়েছিলেন।

আলোচনা সভার সভাপতি ভাইস-চ্যান্সেলর প্রফেসর ড. এ. কিউ. এম. মাহবুব বলেন, বঙ্গবন্ধুর ৭ই মার্চের ভাষণ ছিল তাঁর জীবনের শ্রেষ্ঠ ভাষণ এবং এটির মধ্যে লুকায়িত আছে বাঙালির চেতনা ও স্বাধীনতা। তিনি তরুণ প্রজন্মের উদ্দেশ্যে বলেন, বঙ্গবন্ধুর ভাষণ ও তাঁর আদর্শ বৃকে ধারণ করে বঙ্গবন্ধুর স্বপ্নের সোনার বাংলা বিনির্মাণে জননেত্রী শেখ হাসিনার পাশে থেকে তাঁর হাতকে শক্তিশালী করতে হবে।

বিজ্ঞান অনুষদের ডিন প্রফেসর ড. মোঃ শাহজাহান বলেন, জাতির পিতার ৭ই মার্চের ঐতিহাসিক ভাষণ সাত কোটি মানুষকে অনুপ্রাণিত করেছিল।

অনুষ্ঠানে শিশু মিষ্টি সৃজিতা কবিতা আবৃত্তি করেন।

এর আগে সকাল ৯টায় ভাইস-চ্যান্সেলর প্রফেসর ড. এ. কিউ. এম. মাহবুব ক্যাম্পাসে জাতীয় পতাকা উত্তোলন করেন এবং তাঁর নেতৃত্বে সকাল ১১টায় টুঙ্গিপাড়ায় জাতির পিতার সমাধি সৌধে পুষ্পমাল্য অর্পণ করে শ্রদ্ধা নিবেদন করা হয়। পরে শিক্ষক সমিতি, অফিসার্স এসোসিয়েশন, বিশ্ববিদ্যালয় ছাত্রলীগ ও কর্মচারী সমিতির পক্ষ থেকে পুষ্পমাল্য অর্পণ করে শ্রদ্ধা নিবেদন করেন।

এসময় জাতির পিতা ও ১৯৭৫ এর ১৫ আগস্ট তাঁর পরিবারের সকল শহীদের আত্মার মাগফিরাত কামনা করে দোয়া করা হয়। অনুষ্ঠানে বিশ্ববিদ্যালয়ের শিক্ষক, কর্মকর্তা ও কর্মচারীরা উপস্থিত ছিলেন।

মোঃ মাহবুবুল আলম

উপ-পরিচালক (জনসংযোগ)

বঙ্গবন্ধু শেখ মুজিবুর রহমান বিজ্ঞান ও প্রযুক্তি বিশ্ববিদ্যালয়, গোপালগঞ্জ।